

Joint venture
Development

10/05/2021

I

3004/21



পশ্চিমবঙ্গ পশ্চিম বঙ্গাল WEST BENGAL
Date 1803-21 17436A1/2021
G 128937
A.R.A. III
Perbati Paul
Serraf Jil
DRISTI ABASAN PVT. LTD.
Director
DRISTI ABASAN PVT. LTD.
Director
Auditor at Registrar of Assurance-III, Sec 42

বহুতল বিল্ডিং নির্মাণ উদ্দেশ্যে জমির
মালিকগণের সহিত ডেভলাপার বা বিল্ডার্স এর
যৌথ উদ্যোগ চুক্তিপত্র

অত্র দলিলে বহুতল বিল্ডিং নির্মাণ উদ্দেশ্যে জমির মালিকগণের সহিত
ডেভলাপার বা বিল্ডার্স এর যৌথ উদ্যোগ চুক্তিপত্রের বিষয়বস্তু প্রস্তুত
হইল ইংরাজী ২০২১ সালের ১৬ ইসেপ্টেম্বর বাংলা ১৪২৮ সালের ৩০
শে ভাদ্র।

Additional Registrar of
Assurance

পক্ষদ্বয়ের মধ্যে

1803-21

পৃষ্ঠা - ২

৩৩৩০ ০৫.৮.২০২০

সং. তার খন্ড.

৫০০০

২০১০ নিরংগপল্লী
২০১০ নিরংগপল্লী
২০১০ নিরংগপল্লী

ক্রেতার নাম ও মা

ষ্টাম্প ডেডার মাজুর

বিধান নং. ১. মল্লিকারাম স্ট্রিট এ ডি এস আর. ৩

মোট ষ্টাম্প ক্রয় তা:

চালান নং. মোট কত টাকা বরাদ্দ

ক্রেতারী-বারাকপুর, ডেডার-মিতা দত্ত

25 AUG 2021

998000



Handwritten signature

Subrata Sharma
510 Kati Banabazar Shree
2ND Nirangapally Panchari
Kada Road, P.O. R. Gopalpur
Kotkata - 700136
Business

Addl. Secy. of
Assur.

15 SEP 2021

Parbati Paul.

Sourab Paul.

DRISTI ABASAN PVT. LTD.

Pran Baran Sarkar

Director

DRISTI ABASAN PVT. LTD.

Rajendra

Director

প্রথম পক্ষগন :-

১) শ্রীমতী পার্বতী পাল, PAN NO. ASHPP6193J, AADHAAR No. 3988 2992 4138,

স্বামী - মৃত সুনীল কুমার পাল, বয়স ৬৪ বৎসর, পেশা গৃহস্থালী, সাং - উত্তর ঘোষপাড়া, নেতাজী সুভাষ রোড, চাকদহ (রাম লাল একাডেমী স্কুলের বিপরীতে), জেলা - নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪১২২২, ধর্ম - হিন্দু ও জাতীয়তায় ভারতীয়।

২) শ্রী সৌরভ পাল, PAN NO. BQBPP3433J, ADHAAR No. 4267 0730 1562, পিতা -

মৃত সুনীল কুমার পাল, বয়স ৩০ বৎসর, পেশা ব্যবসা, সাং - উত্তর ঘোষপাড়া, নেতাজী সুভাষ রোড, চাকদহ (রাম লাল একাডেমী স্কুলের বিপরীতে), জেলা - নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪১২২২, ধর্ম - হিন্দু ও জাতীয়তায় ভারতীয়। এরপর তাঁহাদের যৌথভাবে উল্লিখিত করা হইল জমির মালিকগন বা ভেভারস।

এবংদ্বিতীয় পক্ষ :-

দৃষ্টি আবাসন প্রাইভেট লিমিটেড, PAN - AAFCD2173H, রেজিষ্টার অফিস - ২ নং নিরঞ্জনপল্লী, পাঁচকড়ি কাদারোড (বাগানবাড়ী) পোঃ আর - গোপালপুর, থানা - এয়ারপোর্ট বর্তমান নারায়নপুর, জেলা - উত্তর ২৪ পরগনা, কলিকাতা - ৭০০১৩৬, এর পক্ষে ডিরেক্টরগন -

১) শ্রী প্রান বল্লভ সরকার, PAN - ALLPS 6566P, AADHAAR No. 8928 8881

7735, পিতা মৃত রাধিকা মোহন সরকার, সাং ২ নং নিরঞ্জনপল্লী, পাঁচকড়ি কাদারোড (বাগানবাড়ী) পোঃ আর - গোপালপুর, থানা - এয়ারপোর্ট বর্তমান নারায়নপুর, জেলা - উত্তর ২৪ পরগনা, কলিকাতা - ৭০০১৩৬, পশ্চিমবঙ্গ, ধর্ম - হিন্দু, পেশা - ব্যবসা, জাতীয়তায় ভারতীয়।

Parbati Paul.

Nouran Paul

DRISTIBASAN PVT. LTD.
Pran Paulan Sarkar

Direct

DRISTIBASAN PVT. LTD.
Ritishan

Direct

২) শ্রী রাজু সরকার, PAN - ALLPS6565Q, ADHAR No. 9581 6218 4933, পিতা
শ্রী প্রান বরুণ সরকার, সাং ২ নং নিরঞ্জনপল্লী, পাঁচকড়ি কাদারোড (বাগানবাড়ী), পোঃ - আর.
গোপালপুর, থানা এয়ারপোর্ট বর্তমান নারায়নপুর, জেলা - উত্তর ২৪ পরগনা, কলিকাতা -
৭০০১৩৬, পশ্চিমবঙ্গ, ধর্ম - হিন্দু, পেশা - ব্যবসা জাতীয়তায় ভারতীয়। এরপর তাঁহার জমির
উপর ঘর বাড়ী তৈরী বা নির্মাণ করিবার জন্য উন্নতিসাধনকারী/ডেভলাপার/বিন্ডার্স
হিসাবে উল্লিখিত হইবেন।

বহুতল বিন্ডিং নির্মাণ উদ্দেশ্যে জমির মালিকগণের সহিত ডেভলাপার বা বিন্ডার্স এর
যৌথ উদ্যোগ চুক্তিপত্র সিদং কার্য্যাক্ষেপে - জেলা নদীয়া, থানা ও পোঃ চাকদহ ও এ. ডি. এস.
আর অফিস চাকদহের অন্তর্গত জে. এল. নং - ২৩, তৌজি নং - ৩৫৫১, উত্তর ঘোষপাড়া
মৌজায় হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে নদীয়া জেলা কালেক্টার বাহাদুরের অধীন
৫৯.২৫ শতক (উনষাট শতক পঁচিশ শতকাংশ) জমি জনৈক কেশব চন্দ্র পাল ও গিরীবালা পাল
মহাশয়/মহাশয়া দ্বয় বিগত ইংরাজী ২৬.০৯.১৯৪৭ তারিখে রানাঘাট সাব রেজিস্ট্রী অফিসে
রেজিস্ট্রীকৃত ৩৯১৪ নং এককেতা সাব কোবালা দলিলের দ্বারা মুসাম্মত জাহানারা বেগমের
নিকট হইতে খরিদ করিয়া উক্ত সম্পত্তি আর. এস ৯২৩ নং ও ১৫৫ নং খতিয়ান ভুক্ত আর.এস.
৩১৫ নং ও ৩১৪ নং দাগে ৫৯.২৫ শতক (উনষাট শতক পঁচিশ শতকাংশ) জমি যাহা কেশব
চন্দ্র পাল ও গিরীবালা পাল মহাশয়/মহাশয়ার নাম বরাবর রেকর্ড লিপিবদ্ধ হয় ও মালিক নিযুক্ত
হইয়া খাসে ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর কেশব চন্দ্র পাল ও গিরীবালা পাল মহাশয়/মহাশয়া পরলোক গমন করিলে পর
তাঁহাদের তৎকালীন সমুদয় সম্পত্তি তাহার তিন পুত্র যুগোল কিশোর পাল, শশধর পাল ও সুবোল
চন্দ্র পাল গণ পিতার ও মাতার ওয়ারিশান সূত্রে ১/৩ অংশে অর্থাৎ প্রত্যেকে অবিভক্ত কমবেশী

Porbati Pearl.

Sona Pearl.

ORISHA Bazar

Pran Chandra Sarker

L. ISHAKHAR
Rajshahi

১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকাংশ) জমি প্রাপ্ত হইয়া যৌথভাবে খাসে ভোগদখল করিতে থাকেন।

অতঃপর সুবোল চন্দ্র পাল মহাশয় ইংরাজী ০৫.০৪.১৯৬৪ তারিখে পরলোক গমন করিলে পর তাঁহার তৎকালীন সমুদয় সম্পত্তি তাঁহার স্ত্রী উষা রানী পাল ও একমাত্র কন্যা গীতা পাল ও তিন পুত্র সুব্রত কুমার পাল, সুনীল কুমার পাল ও অনিল কুমার পাল গং পিতার ওয়ারিশান সূত্রে ১/৫ অংশ অর্থাৎ প্রত্যেকে অবিভক্ত কমবেশী ৩.৯৫ শতক (তিন শতক পঁচানব্বই শতকাংশ) জমি প্রাপ্ত হইয়া যৌথভাবে খাসে ভোগদখল করিতে থাকেন।

অতঃপর উক্ত স্বর্গীয় সুবোল চন্দ্র পাল মহাশয়ের স্ত্রী উষা রানী পাল ও কন্যা গীতা পাল বিগত ইংরাজী ১৩.০৬.১৯৮৬ তারিখে চাকদহ এ.ডি.এস.আর অফিসে রেজিস্ট্রীকৃত ৪৫৯৫ নং এককেতা দানপত্র দলিল মূলে ৭.৯০ শতক (সাত শতক নব্বই শতকাংশ) জমি সুব্রত কুমার পাল, সুনীল কুমার পাল ও অনিল কুমার পাল মহাশয়ের নাম বরাবর দান করিলে তাঁহারা উক্ত সম্পত্তি সহ তাহাদের পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অংশ সহ সকলে সর্বমোট ১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকাংশ) জমি প্রাপ্ত হইয়া এজমাতে ভোগদখল করিতে থাকাকালে তাহাদের অপর শরিক গন যুগোল কিশোর পাল ও শশধর পাল মহাশয়ের সহিত ৪৬০০ নং পার্টিশান বা বন্টননামা দলিল দ্বারা তাঁহারা ৫৯.২৫ শতক (উনষাট শতক পঁচিশ শতকাংশ) জমির মধ্যে কমবেশী ১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকাংশ) জমি প্রাপ্ত হইয়া খাসে ভোগদখল করিতে থাকেন এবং উক্ত সুনীল কুমার পাল তাহার নিজ নামে চাকদহ পৌরসভায় মিউন্টেশান করাইয়া ও বি. এল. এন্ড এল.আর. অফিসে নিজ নামে রেকর্ড লিপিবদ্ধ করেন যাহার এল. আর. খতিয়ান নং ১৬৬২ এবং এল. আর. দাগ নং ১৪০৮।

Parbati Poul.

Dewan Poul.

DRISTIAE

Pran Dallan Sarkar

D. 11

DRISTIAE IN PVT. LT

Rigindar

D. 11

অতঃপর সুনিল কুমার পাল মহাশয় ১০.১০.২০১৫ তারিখে পরলোক গমন করিলে পর তাঁহার তৎকালীন সমুদয় সম্পত্তি ১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকানশ) জমি তন্মধ্যে ১/৩ অংশে ৬.৫৮ শতক (ছয় শতক আঠান্ন শতকানশ) জমি তাঁহার স্ত্রী শ্রীমতী পার্বতী পাল ও একমাত্র পুত্র শ্রী সৌরভ পাল স্বামীর ও পিতার ওয়ারিশান সূত্রে ১/২ অংশে অর্থাৎ তাহার প্রত্যেকে সমভাবে অবিভক্ত কমবেশী ৩.২৯ শতক (তিন শতক উনত্রিশ শতকানশ) জমি প্রাপ্ত হইয়া যৌথভাবে ভোগদখল করিতে থাকেন।

অত্র ডেভেলাপমেন্ট চুক্তিপত্রের মালিকগণ পূর্ব বর্ণিত প্রথায় উত্তরাধিকার সূত্রে কমবেশী ১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকানশ) জমি তন্মধ্যে ১/৩ অংশে ৬.৫৮ (ছয় শতক আঠান্ন শতকানশ) জমি যাহা পজিশান মোতাবেক বাংলামাপে কমবেশী ০৩ (তিন) কাঠা ১৩ (তেরো) ছটাক ২৩ (তেইশ) বর্গফুট জমি আমরা সম্পূর্ণরূপে খাসদখল ও ভোগদখলের অধিকারী আছি যাহা উত্তর ঘোষপাড়া মৌজায়, জে. এল. নং - ২৩, তৌজি নং - ৩৫৫১, আর. এস. ৯২৩ নং ও ১৫৫ নং খতিয়ানের অধিন আর. এস. ৩১৪ নং ও ৩১৫ নং দাগ ও এল. আর. ১৬৬২ নং খতিয়ানের অধিন এল. আর. ১৪০৮ নং দাগ যাহা নিম্নে প্রথম তপশীলে বর্ণিত যাহার এ্যাকুইজিশান ও রিক্যুইজিশান বা কোনরকম বাধা বিপত্তি কিছুই নাই। বর্তমান জমির মালিকগণ পজিশান মোতাবেক বাংলামাপে কমবেশী ০৩ (তিন) কাঠা ১৩ (তেরো) ছটাক ২৩ (তেইশ) বর্গফুট জমির উপর বেসমেন্ট সহ বহুতল বিশিষ্ট ঘর বাড়ী নির্মাণকার্য দ্বারা জমির উন্নয়ন সাধন করিতে ইচ্ছুক কিন্তু তাঁহাদের অর্থ ও অভিজ্ঞতার অভাবের কারনে এই কার্য সম্পাদন করা সম্ভব নয় এবং অন্য কিছু উপায় না খুঁজে পেয়ে তাঁহারা তাঁহাদের জমির উপর বহুতল বিশিষ্ট বাড়ী নির্মাণ দ্বারা উন্নতিসাধন কারী বা নির্মাণকারককে নিযুক্ত করিবার মনস্থির করিয়াছেন কিছু শর্তাবলী ও বাধ্যবাধকতার সহিত যাহা অত্র জমির উন্নতি সাধন করিতে পারে।

Parbate Paul.

Sourab Paul.

DRISTIAEASAP I.L.I

Pran Chandra Paul.

D'Acc'

DRISTIAEASAP I.L.I
Rajendra

অত্র নির্মানকারক এর ভালো দক্ষতা ও গুণাবলি আছে, জমির মালিকগণ নির্মানকারকের নিকট উপস্থিত হইয়া তাহাদের জমির উন্নতি সাধন দ্বারা বেসমেন্ট সহ বসবাস যোগ্য ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, শপ, শোরুম, কার পার্কিং, গোডাউন ইত্যাদি তৈরী করার ইচ্ছা প্রকাশ করেন, উক্ত নির্মানকারক সিভিল ইঞ্জিনিয়ার দ্বারা নক্সা তৈরী করাইয়া ও যোগ্য কর্তৃপক্ষের নিকট হইতে বহুতল বিল্ডিং প্ল্যান বা নক্সা অনুমোদন করাইয়া নিম্ন তপশিল ভুক্ত জমির উপর বহুতল বিল্ডিং নির্মান করিবেন।

বর্তমান উভয় পক্ষগণ অত্র চুক্তিপত্রে ভবিষ্যতের কোন কিছু বা সমস্ত কিছু নামলা মোকদ্দমা জটিলতা এড়িয়ে চলতে নিম্ন লিখিত কিছু শর্তাবলী অনুযায়ী যৌথ চুক্তিপত্রে প্রবেশ করতে সম্মত হইয়াছেন।

অত্র চুক্তিপত্রে ব্যবহৃত নিম্নে শব্দের অর্থ ও ব্যাখ্যা দেওয়া হল :-

“মালিকগণ” বলতে বোঝায় শ্রীমতী পার্বতী পাল ও শ্রী সৌরভ পাল, প্রথম পক্ষগণ উক্ত সম্পত্তিতে যাহাদের ১০০% রাইট, টাইটেল, স্বত্ব, ইন্টারেস্ট আছে।

“মালিকগণ বা সহমালিকগণ” বলতে বোঝায় যে ব্যক্তিগণের উক্ত জমির উপর বর্তমানে ১০০% সম্পূর্ণ রাইট স্বত্ব ইন্টারেস্ট আছে এবং তাহাদের সঙ্গে অন্যান্য ব্যক্তিগণ যাহারা ভবিষ্যতে বিভিন্ন বসবাস যোগ্য ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, দোকান, শোরুম, গোডাউন এর সহিত জমির আনুপাতিক শেয়ার খরিদ করিবেন।

“উক্ত সম্পত্তি বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি” বলতে বোঝায় অত্র চুক্তিপত্রে অন্তর্ভুক্ত পঞ্জিশান মোতাবেক বাংলামাপে কমবেশী ০৩ (তিন) কাঠা ১৩ (তেরো) ছটাক ২৩ (তেইশ) বর্গফুট জমি যাহার জে.এল নং ২৩, তৌজি নং ৩৫৫১, মৌজা - উত্তর ঘোষপাড়া,

Parbati Paul.

Sourin.

DRISTARAS.

Pran Baran Sarker

Direct.

DISTRICT JUDGE
Rangpur

আর.এস. খতিয়ান নং ৯২৩ নং ও ১৫৫ নং অধীন আর.এস. দাগ নং ৩১৪ ও ৩১৫ এবং এল. আর. ১৬৬২ নং খতিয়ানের অধীন এল.আর. ১৪০৮ নং দাগ, থানা চাকদহ, জেলা নদীয়া, যাহা নিম্নে প্রথম তপশীলে বিশদভাবে বর্ণিত।

“সংযুক্ত জমি বা লাগুয়া সম্পত্তি” বলতে বোঝায় উক্ত জমি বা উক্ত সম্পত্তির সঙ্গে অন্যান্য চতুর্দিকে বা লাগোয়া জমিগুলি বর্তমানে দৃষ্টি আবাসনের প্রাইভেট লিমিটেড এর পক্ষে ডিরেক্টারগন বা উন্নতিসাধন কারীগন দ্বারা গৃহিত/অর্জিত হইয়াছে বা ভবিষ্যতে গৃহিত/অর্জিত হইবে এবং তাহাদের পছন্দ মত সংযুক্তকরন করিবেন।

“উক্ত বিল্ডিং বা বিল্ডিংগুলি” বলতে বোঝায় একটি বহুতল বিল্ডিং অথবা অনেকগুলি বহুতল বিল্ডিং বেসমেন্ট সহ, ব্লক ওয়াইজ বেসিস যাহা দৃষ্টি আবাসনের প্রাইভেট লিমিটেড এর পক্ষে ডিরেক্টারগন বা উন্নতিসাধন কারীগন উক্ত জমি বা সংযুক্ত বা লাগুয়া জমির অনুমোদিত নক্সা, পুনঃবিনিকরন নক্সা যোগ্য কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট চাকদহ পৌরসভা হইতে অনুমোদন করাইয়া বহুতল বিল্ডিং সম্পূর্ণ নির্মাণ করিবেন।

“উক্ত চতুর্পাশ্বস্থ অঙ্গনাদি সহ অট্টালিকা” বলতে বোঝায় যৌথভাবে ব্লক ওয়াইজ বেসিস উক্ত বিল্ডিং এর সঙ্গে উক্ত সম্পত্তির অফিসিয়াল পরিচিতি।

উক্ত চতুর্পাশ্বস্থ অঙ্গনাদি সহ একত্রিত অট্টালিকাগুলি বলতে বোঝায় যৌথভাবে ব্লক ওয়াইজ বেসিস উক্ত বিল্ডিং বা বহু বিল্ডিং এর সঙ্গে সংযুক্ত বা একত্রিত সম্পত্তির অফিসিয়াল পরিচিতি।

“অনুমোদিত প্ল্যান বা নক্সা” বলতে বোঝায় উক্ত জমির উপর বা সম্পত্তির উপর বেসমেন্ট সহ বহুতল বিল্ডিং এর জন্য বা বিল্ডিং নক্সা বা নক্সাগুলি বা একত্রিত জমির উপর বেসমেন্ট সহ

Parbati Paul,

Secretary,

DIGITALABAD

Pran Bala

DIGITALABAD PVT. LT
Rigorous

অনেকগুলি বহুতল বিন্ডিং এর জন্য অনেকগুলি নক্সা ডেভলাপার বা উন্নতি সাধনকারী তাহাদের পছন্দ মত প্রস্তুত করিয়া যোগ্য কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট চাকদহ পৌরসভা হইতে অনুমোদন পাওয়ার জন্য তাহা জমা করিবেন।

“বিল্ট আপ এরিয়া” বলতে বোঝায় একটি ফ্ল্যাট বা ইউনিটের এরিয়ার সাথে তার চতুর্পাশ্বস্থ দেওয়ালের পরিমাপ, আবার যদি দেখা যায় দুইটি ফ্ল্যাটের মাঝে কোন দেওয়াল থাকে তার অর্ধেক সমেত প্রত্যেক এরিয়ার সঙ্গে যুক্ত থাকবে সিঁড়ি ও সিঁড়ির ল্যান্ডিং সহ লিফট ও লিফট রুম ও এইরূপ অন্যান্য এরিয়ার আনুপাতিক শেয়ার।

“সুপার বিল্ট আপ এরিয়া” বলতে বোঝায় একটি ফ্ল্যাট বা ইউনিট, গ্যারেজ, দোকান, গোডাউন, শোরুম এর বিল্ট আপ এরিয়ার সাথে কমন এরিয়া, কমন পোর্টশান ও অন্যান্য সুযোগ সুবিধা এর আনুপাতিক শেয়ার ২৫% যোগ করিয়া সর্বমোট এরিয়া।

“মালিকগণের নির্ধারিত প্রাপ্য” বলতে বোঝায় চুক্তিপত্রের মালিকগণ ১) শ্রীমতী পার্বতী পাল ও ২) শ্রী সৌরভ পাল, মহাশয়া/মহাশয়গণ বহুতল বিন্ডিং এর থার্ড ফ্লোর অর্থাৎ চতুর্থ তলে অনিল পালের দোকানের পিছনে কমবেশী ৯২০ (নয় শত কুড়ি) বর্গফুট সুপার বিল্টাপ ফ্ল্যাট এরিয়া যাহার মধ্যে দুটি শয়ন কক্ষ একটি বৈঠকখানা সহ খাওয়া দাওয়া ঘর ও দুটি বাথরুম, একটি রান্নাঘর ও একটি বারান্দা ও নীচের তলে একটি মোটর গাড়ী রাখার কমবেশী ১২০ (এক শত কুড়ি) বর্গফুট সুপার বিল্টাপ এরিয়ার একটি গ্যারেজ, তৎসহ ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ টাকা) পাইবে, যাহা ডেভলাপার বা বিল্ডার্স নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তির উপর চাকদহ পৌরসভা হইতে নক্সা বা প্র্যান অনুমোদন করাইয়া, অনুমোদিত বিন্ডিং নক্সা অনুযায়ী বসবাসযোগ্য বাসস্থান নির্মান হইবে তাহার সাথে কমন এরিয়া, কমন পোর্টশান, কমন সুযোগ সুবিধার অবিভক্ত কমন শেয়ার সহ জমির আনুপাতিক শেয়ার রাইট টাইটেল স্বত্ব ইন্টারেস্ট যাহা নিম্নে দ্বিতীয় তপশীলে বর্ণিত করা হইয়াছে।

Parbate Paul.

Parbate Paul.

CRISTIABASAN PVT. LTD.
Parbate Paul.

CRISTIABASAN PVT. LTD.
Parbate Paul.

“সুবিবেচিত অর্থ” বলতে বোঝায় ডেভলাপার বা বিল্ডার্স অত্র চুক্তিপত্রের মালিকগণকে বিবেচিত মূল্য বা রিফান্ডেবল মানি হিসাবে ২৫,০০,০০০.০০ পঁচিশ লক্ষ টাকা প্রদান করিবেন নিম্ন লিখিত প্রথায় বা শর্তে -

১) এগ্রিমেন্ট সহি সম্পাদন করিবার সময় ৫,০০,০০০.০০ পাঁচ লক্ষ টাকা মালিকগণকে প্রদান করিবেন।

২) বাকী ২০,০০,০০০.০০ কুড়ি লক্ষ টাকা মধ্যে বিল্ডিং এর নির্মাণ কার্য শুরু হইতে এক বৎসরের শেষে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা ডেভলাপার বা বিল্ডার্স অত্র চুক্তিপত্রের মালিকগণকে প্রদান করিবেন।

৩) পরপর এক বৎসর পরে পুনঃরায় ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা ডেভলাপার বা বিল্ডার্স অত্র চুক্তিপত্রের মালিকগণকে প্রদান করিবেন।

৪) বাকী ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা পরপর এক বৎসর পরে পুনঃরায় ডেভলাপার বা বিল্ডার্স অত্র চুক্তিপত্রের মালিকগণকে প্রদান করিবেন।

“ডেভলাপার বা বিল্ডার্স এর নির্ধারিত প্রাপ্য” বলতে বোঝায় মালিকগণের নির্ধারিত প্রাপ্য তাহার জন্য সুরক্ষিত ও ব্যাতিরেখে নিম্ন তপশীল ভুক্ত জমি বা একত্রিত জমির উপর নির্মিত বিল্ডিং এর সমস্ত ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, দোকানঘর, শপ, শোরুম, কারপার্কিং সহ অন্যান্য যাহা কিছু নির্মিত আছে বা ভবিষ্যতে নির্মাণ হইবে ও অবশিষ্ট অংশ সহ কমন এরিয়া, কমন পার্টশান কমন সুযোগ সুবিধার অবিভক্ত কমন শেয়ার সহ জমির আনুপাতিক শেয়ার, রাইট টাইটেল ইন্টারেস্ট সহ টপ ছাদের সম্পূর্ণ রাইট।

“এজমালি ক্ষেত্রের আয়তন বা এজমালি অংশগুলি” বলতে বোঝায় সমস্ত অবিভক্ত ও অবিভাজ্য সম্পূর্ণ ও অসম্পূর্ণ উক্ত বিল্ডিংএর ক্ষেত্রফল, রাস্তা, নির্মিত অংশ কোন কিছু বসানোর অংশগুলি

Parleati Paul.

Soorfen!

DRISTASAS
Pron Babar Santor

DRISTASAS
Rigun Santor

“ডেভলাপার বা বিল্ডার্স এর সাথে মালিকগন ও সহ মালিকগন সকলে এককভাবে বা একসাথে ভোগদখল করিবে যাহা চতুর্থ তপশীলে বিশভাবে বর্ণিত আছে।

“এজমালি খরচ” বলতে বোঝায় বিল্ডিং এর রক্ষনাবেক্ষন ও পরিচালনার জন্য এবং কোন কিছু এজমালী উদ্দেশ্যে যে সমস্ত খরচ হইবে তাহা মালিকগন ও সহ মালিকগন আনুপাতিকহারে ব্যায় বহন করিবেন।

“এজমালী উদ্দেশ্য” বলতে বোঝায় বিল্ডিং বা বিল্ডিংগুলির ফ্ল্যাট বা ইউনিটের এজমালী বা কমন অংশগুলির কেবল মাত্র রক্ষনাবেক্ষন ও পরিচালনা, খাজনা ও ট্যাক্স গ্রহন ও প্রদান, ব্যয় নির্বাহ করা, নাম নথিভুক্ত করা, পরিচালন সংস্থা গঠন করা, মিউটেশান করা, কমন স্বার্থে যুক্ত তাহাদের পারস্পরিক অধিকার এবং ফ্ল্যাটের বা ইউনিটের জন্য বাধ্যবাধকতা।

“সর্বমোট ক্ষেত্রফল” বলতে বোঝায় বিল্ডিং বা বিল্ডিংগুলির একটি ফ্ল্যাটের বা সমস্ত ফ্ল্যাটের চতুর্পাশস্থ অস্তিম প্রান্ত ক্ষেত্রফল সহ গ্রাউন্ড ফ্লোরের এজমালী পায়খান, এজমালী গলি সিঁড়ি, লিফট, দারোয়ান ঘর, পাম্পঘর মিটার ঘর ইত্যাদি এর আনুপাতিক অবিভক্ত বা অবিভাজ্য জমির শেয়ার এছাড়াও বিল্ডিং বা বিল্ডিংগুলির বাউন্ডারী ওয়ালের চওড়া, অভ্যন্তরিন দেওয়াল, খাঁমগুলির এবং এজমালী অংশগুলির বা ক্ষেত্রফলগুলির আনুপাতিক শেয়ার যাহা চতুর্থ তপশীলে বর্ণিত এবং একটি দেওয়াল যদি দুইটি ফ্ল্যাটের বা ইউনিটের মধ্যে হয় তবে দেওয়ালের অর্ধেক ক্ষেত্রফল একটি ফ্ল্যাট বা ইউনিটের সঙ্গে সংযুক্ত, কেবলমাত্র উক্ত বিল্ডিং এর টপ ছাদের বাহ্যিক দেওয়াল ও ব্যবহার রাইট বাদ দিয়ে হচ্ছে সর্বমোট ক্ষেত্রফল।

“আনুপাতিক শেয়ার/আনুপাতিক হার/অনুপাত” বলতে বোঝায় কোন একটি ফ্ল্যাট বা ইউনিটের কার্পেট ক্ষেত্রফল এর সাথে অবিভক্ত বিল্ট আপ এরিয়ার অংশ, এজমালী উদ্দেশ্যে খাজনা ও

Porbati Paul.

Sourav.

DRISTABAN
Pran BarmanDRISTABAN F. L. L.
Rishon

ট্যাক্স এর অংশ, এজমালী ব্যায় খরচের অংশ, তপশীল ভুক্ত সম্পত্তির বা জমির অংশ, অবিভক্ত ও অবিভাজ্য সম্পূর্ণ ও অসম্পূর্ণ উক্ত বিল্ডিংএর ক্ষেত্রফলের অংশ সহ জমির অবিভাজ্য বা অবিভক্ত জমির শেয়ার, রাস্তার অংশ, ফাঁকা জমির অংশ, কোন কিছু মেশিনারী যন্ত্রাংশ বসানোর অংশগুলি প্রত্যেক ফ্ল্যাট বা ইউনিটের কার্পেট এরিয়ার পরিমাপ অনুযায়ী উপরের অবিভক্ত ও অবিভাজ্য অংশ হল আনুপাতিক অংশ বা শেয়ার বা আনুপাতিক হার।

একবচন ও বহুবচন একে অপরের বিপরীত হিসাবে যুক্ত।

পুংলিঙ্গ ও স্ত্রী লিঙ্গ একে অপরের বিপরীত হিসাবে যুক্ত।

অত্র চুক্তিপত্রের স্বাক্ষরগুলি নিম্নে দেওয়া হইল :

১) উক্ত সম্পত্তির বা একত্রিত সম্পত্তির মালিকগণ বাস্তবে ভোগদখলিকৃত সম্পত্তি “ডেভলাপার বা বিল্ডার্স” কে প্রদান করিবেন তাহাদের পছন্দমত বিল্ডিং নক্সা প্রস্তুত বা অনুমোদন পাইবার জন্য। এখানে বিশেষভাবে উল্লেখ আছে যে “ডেভলাপার বা বিল্ডার্স” এর সম্পূর্ণ অধিকার আছে উক্ত সম্পত্তি বা একত্রিত সম্পত্তির উপর বিল্ডিং এর একটি নক্সা বা একাধিক নক্সা তাহাদের পছন্দ মত প্রস্তুত করিবার এবং মালিকগণ তাহাদের স্বতন্ত্র রাইট অধিকার ও সম্মতি দিচ্ছেন “ডেভলাপার বা বিল্ডার্স” কে বহুতল বিল্ডিং এর নক্সা তৈরী, নির্মাণ ও সম্পূর্ণ করার জন্য এবং “ডেভলাপার বা বিল্ডার্স” এর নির্ধারিত প্রাপ্য অংশ বিক্রয় করার সময় কোনভাবেই মালিকগণ কোনরূপ বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না।

২) উভয় পক্ষ সম্মত হইয়াছে যে উক্ত জমির বিষয়ে যদি মালিকগণের মালিকানা সঠিক হয় তাহলে মালিকগণ উক্ত বিল্ডিংএ একটি ফ্ল্যাট সর্বমোট কমবেশী ৯২০ (নয় শত কুড়ি) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার ফ্ল্যাট তৎসহ কমবেশী ১২০ (এক শত কুড়ি) বর্গফুট সুপার বিল্ট আপ

Porabati Road.

Mowat.

D. STIABAN P.
P. Ballan S. S. S.D. STIABAN P. V. L.
P. S. S. S.

এরিয়র একটি গ্যারেজ সহ জলের লাইন ও ইলেক্ট্রিক লাইন সহ সম্পূর্ণ বসবাস যোগ্য বাসস্থান রূপে পাইবে তৎসহ উক্ত সমস্ত বিল্ডিংএর এজমালি ক্ষেত্রফলের সম্পূর্ণ ও অসম্পূর্ণ অংশের অবিভক্ত ও অবিভাজ্য অংশ, অবিভক্ত ও অবিভাজ্য জমির শেয়ার, রাস্তা, নির্মিত অংশ ও অন্যান্য সুযোগ সুবিধা সহ উক্ত জমির হারাহারি অংশ যাহা যৌথভাবে “মালিকগনের নির্ধারিত প্রাপ্য” হিসাবে উল্লেখ করা হইয়াছে দ্বিতীয় তপশীলে, উপরি লিখিত উক্ত “মালিকগনের নির্ধারিত প্রাপ্য” অংশ ব্যাতিত অবশিষ্ট যাহা কিছু আছে বা থাকবে সম্পূর্ণ “ডেভলাপার, নির্মানকারক বা বিল্ডার্স” এর প্রাপ্য অংশ হিসাবে বিবেচিত হইবে।

৩) অত্র চুক্তিপত্রের মালিকগন জমির উন্নয়ন, বেসমেন্ট সহ বহুতল বিল্ডিং নির্মান, ও “ডেভলাপার বা বিল্ডার্স এর নির্ধারিত প্রাপ্য” অংশের সমস্ত বিক্রয় কার্য্য করিবার জন্য “ডেভলাপার বা বিল্ডার্স” এর পক্ষে বা তাহাদের মনোনীত ব্যক্তি বা ব্যক্তি বর্গের নামে অপ্রত্যাখিত জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নী রেজিস্ট্রী সহি সম্পাদন করিয়া দেবেন তাহার জন্য যাহা খরচ হইবে তাহা “ডেভলাপার বা বিল্ডার্স” খরচ করিবেন এবং “ডেভলাপার বা বিল্ডার্স” ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, কার পার্কিং, দোকান, শপ, শোরুম, গোডাউন বিক্রয় করিবার জন্য বিক্রয় চুক্তিপত্র সহি সম্পাদন করিতে পারিবেন অথবা সম্পূর্ণ বিক্রয় বিবেচিত মূল্য গ্রহন করিতে পারিবেন এবং রেজিস্ট্রী অফিসে উপস্থিত হইয়া বিক্রয় দলিল রেজিস্ট্রী কার্য্য সমাধা করিতে পারিবেন এবং দলিল উঠানোর রসিদে বা IGR কপিতে সহি সম্পাদন করিতে পারিবেন।

৪) অত্র চুক্তিপত্রের মালিকগন ঘোষণা ও প্রচার করিতেছে যে তাহারা জমির চারিদিক রকম বা বৈশিষ্ট্য পরিবর্তনের জন্য বি.এল. এন্ড এল.আর.ও /এ.ডি.এম.এল.আর.অফিসে সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা করা ও কনভার্সান সার্টিফিকেট সংগ্রহ করিবেন, তার জন্য “ডেভলাপার বা বিল্ডার্স” কোন টাকা খরচ করিবেন না অথবা পৌরসভার ট্যাক্স, সরকারী খাজনা বা এই ধরনের কোন কিছু বকেয়া থাকিলে তাহা মালিকগন প্রদান করিবেন।

Poerbati Road.

Noverlati.

From Ballan Sarker

Rajshahi

- ৫) ইহাতে “ডেভলাপার বা বিল্ডার্স” সম্মত হইয়াছে যে তিনি/তাহারা আর্কিটেক্ট এবং ইঞ্জিনিয়ার নিযুক্ত করিয়া তাহাদের পছন্দমত বেসমেন্ট সহ বহুতল বিল্ডিং বা বিল্ডিংগুলির নক্সা বা নক্সাগুলি তাহাদের নিজ খরচায় প্রস্তুত করিবেন এবং পৌরসভা বা অন্য কোন যোগ্য কর্তৃপক্ষের নিকট হইতে মালিকগণ অনুমোদন পাওয়ার জন্য উক্ত নক্সা বা নক্সাগুলি সহি করিয়া জমা করিবেন, অনুমোদন পাওয়ার জন্য সমস্ত খরচ “ডেভলাপার বা বিল্ডার্স” করিবেন এবং নির্মাণ কাজ চলাকালীন কোন বিল্ডিং নক্সা পরিবর্তন বা সংযোজন কার্য আর্কিটেক্ট এবং ইঞ্জিনিয়ার করিবেন ও তাহাদের বেতন “ডেভলাপার বা বিল্ডার্স” প্রদান করিবেন। বিল্ডিং নির্মাণ কার্য সম্পূর্ণ হইবার পর “ডেভলাপার” মালিকগণকে লিখিত নোটিশ দিয়ে জানাইবেন তাহাদের প্রাপ্য অংশ গ্রহণ করিবার জন্য এবং মালিকগণের ফ্ল্যাটের ভোগদখল ও স্বত্ব দখল প্রদান সহ পোজেশান লেটার প্রদান করিবার দিন থেকে আনুপাতিক হারে পৌরসভার ট্যাক্স, সরকারী দাখিলা ও খাজনা মালিকগণ প্রদান করিবেন, কিন্তু হস্তান্তরের পূর্বে কোন কিছু যদি পৌরসভার ট্যাক্স, সরকারী দাখিলা খাজনা ও অন্যান্য যাহা কিছু বকেয়া থাকে তাহা “ডেভলাপার বা বিল্ডার্স” প্রদান করিবেন।
- ৬) উক্ত বহুতল বিল্ডিং এ মালিকগণ তাহাদের প্রাপ্য অংশ অর্থাৎ “মালিকগণের নির্ধারিত প্রাপ্য” গ্রহণ করিবার তারিখ হইতে তাহারা তাহাদের ফ্ল্যাটের সঙ্গে সম্পর্কযুক্ত কমন উদ্দেশ্যে কমন বা এঁজমালী খরচ গুলির জন্য প্রতি বর্গফুটে ১ এক টাকা হিসাবে ডেভলাপারকে প্রদান করিবেন যতদিন না ফ্ল্যাট ওনার্স অ্যাসোসিয়েশান বা মালিকদের দ্বারা গঠিত সংস্থা বা প্রতিষ্ঠান গঠিত হয়। পরবর্তীকালে ফ্ল্যাট ওনার্স অ্যাসোসিয়েশান গঠন হয়ে গেলে ফ্ল্যাট ওনার্স অ্যাসোসিয়েশান বা মালিকদের দ্বারা গঠিত সংস্থা বা প্রতিষ্ঠানকে প্রদান করিবেন।
- ৭) বহুতল বিল্ডিং নক্সা অনুমোদন ও কার্য নির্মাণ শুরু করিবার আদেশ বা অনুমতি পাইবার পর “ডেভলাপার বা বিল্ডার্স” প্রস্তাবিত বিল্ডিং এর নির্মাণ কার্য শুরু করিবেন এবং নির্মাণ কার্যের

Porbati Paul.

Seranton

ORIST

Pran Ballan Sarker

ORIST

Pran Ballan Sarker

শুরুর দিন হইতে ৩৬ মাসের মধ্যে নতুন বহতল বিল্ডিং এ মালিকগণের নির্ধারিত প্রাপ্য অংশ বসবাস যোগ্য অবস্থায় ডেলিভারি বা হস্তান্তর করিবেন।

৮) অত্র চুক্তিপত্রের মালিকগণ আসল দলিল ও সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র “ডেভলাপার বা বিল্ডার্স” কে হস্তান্তর করিয়া দিবেন নির্মান কার্য বিধি সম্পূর্ণ করিবার জন্য এরপর “ডেভলাপার বা বিল্ডার্স” ওনার্স অ্যাসোসিয়েশন গঠনের জন্য মালিকগণের হাতে হস্তান্তর করিবেন।

৯) কমন মিটার বসানো খরচ, ট্রান্সফরমার মূল্যের সহিত অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি বসানোর খরচ ও মজুরী সমেত সমস্ত খরচ জমির মালিকগণ ও ফ্ল্যাটের ক্রেতাদের তাহাদের নির্ধারিত প্রাপ্য অংশের আনুপাতিকহারে খরচ ও ব্যয়ভার বহন করিবেন এবং জমির মালিকগণের নামে কিংবা ফ্ল্যাটের ক্রেতার নামে মিটারের জন্য জমির মালিকগণ কিংবা ফ্ল্যাটের মালিকগণ সিকিউরিটি মানি বা অর্থ ডেভলাপারের নিকট জমা দেবেন।

১০) চাকদহ পৌরসভা হইতে বেসমেন্ট সহ বহতল বিল্ডিং বা বিল্ডিংগুলির কমপ্লিশান সার্টিফিকেট পাওয়ার জন্য যাহা খরচ হইবে তাহা “ডেভলাপার বা বিল্ডার্স” ও জমির মালিকগণ উভয়পক্ষ নির্ধারিত প্রাপ্য অংশের আনুপাতিকহারে খরচ ও ব্যয়ভার বহন করিবেন।

১১) পূর্ব বর্ণিত একটি ফ্ল্যাটের ক্ষেত্রফল সর্বমোট কমবেশী ৯২০ (নয় শত কুড়ি) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ফ্ল্যাট তৎসহ কমবেশী ১২০ (এক শত কুড়ি) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার একটি গ্যারেজ যাহা মালিকগণের পক্ষে নির্ধারিত প্রাপ্য অংশ, অপর পক্ষে সমস্ত অবশিষ্ট ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, বেসমেন্ট কারপার্কিং, দোকান, শোরুম, গোডাউন এবং প্রস্তাবিত বিল্ডিং/বিল্ডিং গুলির অবশিষ্ট অংশগুলি সহ এজমালী ক্ষেত্রফল, এজমালি আমোদ প্রমোমের সুযোগ সুবিধা এবং এজমালি রাইট, স্বত্ব সহ অবিভক্ত ০৩ (তিন) কাঠা ১৩ (তেরো) ছটাক ২৩ (তেইশ) বর্গফুট জমির আনুপাতিক শেয়ার যাহা উপরে বর্ণিত হইয়াছে এবং এরপর ইহাকে সখিগুপ্তরূপে উল্লেখ

Parbati Paul.

N. S. Paul.

D. S. Paul.

D. S. Paul.

D. S. Paul.

করা হল “ডেভলাপার বা বিল্ডার্স নির্ধারিত প্রাপ্য অংশ” হিসাবে স্বতন্ত্র অধিকার থাকবে। “ডেভলাপার বা বিল্ডার্স” তাহাদের নির্ধারিত প্রাপ্য অংশের সম্পূর্ণ অধিকার থাকবে ও যে কোন নামে তাহাদের ইচ্ছামত তাহাদের নির্ধারিত প্রাপ্য অংশ যে কোন ব্যক্তি বা ব্যক্তি বর্গকে বা কোন ফার্ম বা কোন কোম্পানীকে বিক্রি, মর্টগেজ, লীজ হস্তান্তর করিতে পারবেন। “ডেভলাপার বা বিল্ডার্স” উক্ত বিল্ডিং এ জমির মালিকগণের নির্ধারিত প্রাপ্য অংশ সুরক্ষিত রেখে অন্য তারিখ হইতে যে কোন ব্যক্তির সাথে তাহাদের প্রাপ্য অংশের যে কোন অংশ বা তাহাদের সকল প্রাপ্য অংশগুলি বিক্রয়, লীজ, হস্তান্তর চুক্তিপত্র করিবার অধিকার থাকবে।

১২) উক্ত সম্পত্তির উপর বেসমেন্ট সহ বহুতল বিল্ডিং নির্মাণ কার্য চলাকালীন “ডেভলাপার বা বিল্ডার্স” তাহার প্রাপ্য অংশের যতটা বেশী সম্ভব ভূসম্পত্তি বন্ধক রাখিয়া যে কোন সরকারী ব্যাঙ্ক বা বেসরকারী ব্যাঙ্ক অথবা কোন আর্থিক সংস্থা থেকে আর্থিক সহায়তা পাওয়ার জন্য আবেদন করিতে পারিবেন ও লোন বা ঋণ গ্রহণ করিতে পারিবেন।

১৩) উক্ত বিল্ডিংএর স্ট্রাকচার, ফাউন্ডেশন, বেসমেন্ট, পিলার, স্ল্যাব বীম, কংক্রিট, মাটির তলের ও বিল্ডিং এর মাথার উপর জলের ট্যাক, ইলেক্ট্রিক্যাল, পাম্পিং ফিটিংস, স্যাওয়ারেজ সিস্টেম, ব্যবহৃত জিনিষপত্র ও নির্মাণ কার্য দেখাওনা করার জন্য “ডেভলাপার বা বিল্ডার্স” তাহাদের অধিকার আছে আর্কিটেক্ট, ইঞ্জিনিয়ার সুপারভাইজার, লেবার কন্ট্রোল্লর, লেবার নিযুক্ত করা এবং তাহাদের বেতন বা মজুরী “ডেভলাপার বা বিল্ডার্স” তাহাদের পছন্দ মত বা ইচ্ছামত প্রদান করিবেন, এবং উভয় পক্ষ সম্মত হইয়াছে যে উক্ত বিল্ডিং এ নির্মাণ কার্যে ব্যবহৃত বাজারে ভালো গুনমান সম্পন্ন নির্মাণ সামগ্রী আর্কিটেক্ট ও ইঞ্জিনিয়ার এর উপদেশমত ব্যবহার হইবে এবং “ডেভলাপার বা বিল্ডার্স” এর ব্যবহৃত নির্মাণ সামগ্রী সম্পর্কে বা কোনকিছুতেই কোন ভাবেই জমির মালিকগণের দায় দায়িত্ব থাকিবে না।

Parbate Paul.

Mirzapur

DRIST

Pran Chatterjee

DRIST

Rajendra

১৭) জমির মালিকগণ সম্মত হইয়াছে যে বেসমেন্ট সহ বহুতল বিল্ডিং নির্মাণ কার্য চলাকালীন বা বিল্ডিং নির্মাণ কার্য শেষ না হওয়া পর্যন্ত এবং “ডেভলপারের প্রাপ্য অংশ” হিসাবে সমস্ত ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, বেসমেন্ট কার পার্কিং, দোকান, শোরুম, গোডাউন ইত্যাদি বিক্রয় না হওয়া পর্যন্ত জমির মালিকগণ অত্র ডেভলপমেন্ট এগ্রিমেন্ট বা জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নি বাতিল করিতে পারবেন না এবং প্রয়োজনবোধে বিল্ডিং এর সংশোধিত নক্সা অনুমোদন বা পরিবর্তন সাধন করিবার জন্য যে কোন প্রয়োজনীয় কাগজপত্রে সহি সম্পাদন করিবার প্রয়োজন হইলে বা মালিকগণকে ডাকিলে তাহারা কোনরূপ বাধা বিয় সৃষ্টি না করে সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিবেন।

১৮) জমির মালিকগণ ইহাতে সম্মত হইয়াছে যে নিম্ন তপশীল ভুক্ত জমির উপর নির্মাণ কাজ চলা কালীন বা ভবিষ্যতে জমির মালিকের জমির স্বত্বের কোন ভুল দোষ ত্রুটি দেখা দেয়, বা কোন মামলা মোকদ্দমা হয় “ডেভলপার বা বিল্ডার্স” এর দায়িত্ব থাকবে সবকিছু প্রতিরোধ করার মালিকগণের পক্ষে মামলা মোকদ্দমার প্রতিরোধ করা বা জমির স্বত্ব ঠিক করতে যাহা খরচ হইবে তাহা মালিকগণের নির্ধারিত প্রাপ্য অংশ হইতে বাদ যাবে, জমির মালিকগণ ও “ডেভলপার বা বিল্ডার্স” এতদ্বারা প্রত্যেক পক্ষ, প্রত্যেক পক্ষকেই বহিরাগত বা কোন ব্যক্তি বা ব্যক্তিগণের দ্বারা কোন কিছু ক্ষতি বা লোকসান ঘটলে বা কেশ কাচারী, মামল, মোকদ্দমা হইলে তাহা খেসারত পাইবার ব্যবস্থা করিয়া দিবেন, আরো প্রকাশ থাকে যে ভবিষ্যতে কোন ব্যক্তি বা ব্যক্তিগণ প্রমান করে যে উক্ত সম্পত্তির উপর তাহাদের স্বত্ব ও অধিকার আছে, তাহলে জমির মালিকগণের নির্ধারিত প্রাপ্য অংশ বা শেয়ার হইতে তাহাদের মালিকানাধীন শেয়ার প্রদান করা হইবে।

১৯) উভয় পক্ষ এতদ্বারা সম্মত হইয়াছে যে উপরের ৭ নং উপবাক্যে যে নির্দিষ্ট সময় উল্লেখ আছে বিল্ডিং নির্মাণ কার্য সম্পূর্ণ করিবার ও মালিকগণের নির্ধারিত প্রাপ্য অংশ হস্তান্তর করার,

Porbati Paul.

Sourav.

URIST

Pran Ballan Sarkar

URIST

Ran Sarkar

যদি নির্মাণ কার্য বাধাপ্রাপ্ত হয় বা বাধা বিঘ্ন সৃষ্টি হয় প্রাকৃতিক দুর্যোগ কারনে যেমন - বন্যা, ভূমিকম্প, দাঙ্গা, ঘূর্ণিঘড়, গ্রন্থিক আন্দোলন, বাজারে মালের যোগানের অভাব, যে কোন পরিস্থিতি বা সকল পরিস্থিতি "ডেভলাপার বা বিন্ডার্স" এর নির্মাণ কার্য নিয়ন্ত্রনের বাহিরে চলে যায়, বিভিন্ন নির্মাণ কার্যের নির্দিষ্ট সময়সীমা এবং মালিকের নির্ধারিত প্রাপ্য অংশ হস্তান্তরের নির্দিষ্ট সময় সীমা প্রয়োজন মত বর্ধিত হইবে আর্কিটেক্ট ও ইঞ্জিনিয়ারের দ্বারা, ইহাতে পরিষ্কারভাবে উল্লেখ আছে যে "ডেভলাপার বা বিন্ডার্স" নির্দিষ্ট সময় সীমা মধ্যে নির্মাণ কার্য সম্পূর্ণ, মালিকগনের প্রাপ্য অংশের স্বত্ব ও অধিকার প্রদান করিতে চেষ্টা করিবেন এবং পোষ্ট অফিসের মাধ্যমে প্রাপ্তি রসিদের সাথে মালিকগনকে তাহাদের প্রাপ্য অংশ গ্রহন করিবার জন্য জানাইবেন, তাহাতে বলা আছে যে জানানোর তারিখ হইতে ১৫ দিনের মধ্যে অত্র চুক্তিপত্রে বর্ণিত নিয়মে বা প্রথায় "ডেভলাপার বা বিন্ডার্স" এর নৈতিক বা আইনগত বাধ্যবাধকতা পরিপূর্ণ করার পর, "ডেভলাপার বা বিন্ডার্স" তাহার প্রাপ্য নির্ধারিত অংশ উক্ত বিভিন্ন এ বা একত্রিত বিভিন্ন এ যে কোন ক্রেতার পক্ষে বিক্রয় দলিল প্রস্তুত করা, রেজিস্ট্রী করার অধিকার থাকবে, কিন্তু জমির মালিকগন কোন ভাবেই বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবে না। আরো প্রকাশ থাকে যে তাহাদের প্রাপ্য অংশ ছাড়া বিভিন্ন এর কোন অবশিষ্ট অংশে কোন স্বত্ব, রাইট বা অধিকার থাকবে না বা অতিরিক্ত কোন অংশ বা কোনকিছু দাবী দাওয়া করিতে পারিবে না।

২০) চুক্তিপত্রে উল্লিখিত সময়ের মধ্যে বকী টাকা দিতে না পারিলে ডেভলাপার বা বিন্ডার্স ব্যাঙ্ক সুদ সহ বকী টাকা মালিকগনকে প্রদান করিবেন, আরোও প্রকাশ থাকে যে মালিকগনের বসবাসের বাড়ী সম্পূর্ণরূপে ভাঙিতে যে টাকা খরচ হইবে তাহা পুরানো বাড়ীর জিনিসপত্র যেমন রড, ইট, রাবিশ বা জানলা দরজা বিক্রি করিয়া ডেভলাপার তাহার খরচ প্রদান করিবেন এবং যদি বিক্রিত মূল্য বাড়ী ভাঙার খরচের থেকে বেশী হয় তাহলে মালিকপক্ষগন পাইবেন।

Parvati Poud.

Murali

JURISTI ABASAN P.V. J.

JURISTI ABASAN P.V. J.

২১) আরোও প্রকাশ থাকে যে জমির মালিকগণের অন্য শরীক মৃত শশধর পালের রক্ত সম্পর্কিত কেউ বা তাহার কোন ওয়ারিশান উক্ত প্রস্তাবিত বিল্ডিং বা নির্মিত বহুতল বিল্ডিং এর মধ্যে কোন কিছু অর্থাৎ ফ্ল্যাট দোকান গ্যারেজ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনোদিন ক্রয় করিতে পারিবেন না।

২২) জমির মালিকগণ তাহার প্রাপ্য অংশ পাওয়ার পর তাহার অতিরিক্ত আনুপাতিক অবিভক্ত, রাইট, স্বত্ব বা উক্ত জমি বা একত্রিত জমির উপর কোন অংশে, কোনোরূপভাবে অধিকার বা রাইট থাকবে না, যাহার উপর “ডেভলাপার বা বিল্ডার্স” এখন পর্যন্ত নির্মাণ শুরু করে নাই যদি এখনকার মত তাহার কোনকিছু বিদ্যমান থাকে সেই আইন বলবৎ বা চালু থাকবে, যদি “ডেভলাপার বা বিল্ডার্স” উক্ত জমির বা একত্রিত জমির অবশিষ্ট খালি জায়গায় ধারাবাহিকভাবে কাজ না করে যাহার উপরে “ডেভলাপার বা বিল্ডার্স” যে কোন সময় অতিরিক্ত বা অবশিষ্ট নির্মাণ কাজ সম্পূর্ণ করিবার অধিকার থাকবে অথবা “ডেভলাপার বা বিল্ডার্স” নিজের ইচ্ছামত উক্ত জমি বা একত্রিত জমির অবশিষ্ট খালি জায়গাগুলি সম্পূর্ণ তত্ত্বাবধান রক্ষা করবেন এবং যদি উক্ত জমির অতিরিক্ত এরিয়ার নির্মাণ কাজ শুরু করার মনস্থির করে তাহলে জমির মালিকগণ কোনরূপ বাধা সৃষ্টি করতে পারবেন না।

২৩) উভয় পক্ষ সম্মত হইয়াছে যে অত্র চুক্তিপত্রে অন্তর্ভুক্ত এবং তপশীলগুলির সঙ্গে সংযুক্ত নিয়মকানুন ও শর্তাবলীগুলি প্রত্যেক পক্ষ আন্তরিকতার ও বন্ধুত্বের সাথে একে অন্যের আদেশ পালন করিবেন বা মেনে চলিবেন, অত্র চুক্তিপত্রে অন্তর্ভুক্ত শর্তাবলীর বাহিরে যদি কোন জটিলতা বা সমস্যা সৃষ্টি হয় বা প্রকৃত কাজ সম্পূর্ণ করিতে উভয় পক্ষ সেই বিষয়কে সমাধান করতে প্রবলভাবে চেষ্টা করবেন। যে কোন সময় বা নির্মাণ কার্য চলাকালীন, পুরো সময় জমির মালিকগণ এতদ্বারা ঘোষণা বা আশ্বস্ত করছেন “ডেভলাপার বা বিল্ডার্স” এর প্রাপ্য নির্ধারিত প্রাপ্য অংশ সম্পূর্ণ বিক্রয় কার্যসমাপ্ত ও নির্মাণ কার্যগুলি না হওয়া পর্যন্ত কোন বাধা বিঘ্ন বা প্রতিবন্ধকতা সৃষ্টি করিত পারিবেন না।

Poorbati Paul.

Poorbati Paul.

J. B. S. S.

Poorbati Paul.

DRIST

Poorbati Paul.

২৪) যাইহোক, অত্র চুক্তিপত্রে নির্মাণ কার্য সম্পূর্ণ করার বিষয়ে যদি গভগোল বা পার্শ্বকা সৃষ্টি হয়, বা ইহার মধ্যে শর্তগুলির সত্য ব্যাখ্যা বিচার বিবেচনার্থে উভয় পক্ষের পছন্দমত অ্যাডভোকেটের বা সালিসের নিকট অর্পণ করা হইবে অথবা প্রত্যেক পক্ষ একজন করে আলাদা অ্যাডভোকেট বা সালিস আম্পায়ার হিসাবে নিয়োগ করার আধিকার থাকবে যাহার সিদ্ধান্ত বা বিচারপূর্বক রায় ১৯৪০ সালের ভারতীয় আর্বিট্রেশান আইন অনুযায়ী বিবেচিত হইবে এবং ১৯৯৬ সালের ভারতীয় আর্বিট্রেশান ও কাউন্সিল দ্বারা সংশোধনের সাথে পরিবর্তনগুলি চূড়ান্ত আইন হিসাবে বলবৎ থাকবে ও উভয় পক্ষ মানিয়া চলতে বাধ্য থাকিবে।

-: উপরে উল্লিখিত প্রথম তপশীল জমি বা সম্পত্তির পরিচয় :-

(উক্ত জমি প্রথম পক্ষের নিজস্ব এবং এতদ্বারা “ডেভলাপার বা বিভার্স” কে হস্তান্তর করিবেন)

জেলা নদীয়া থানা ও পোঃ চাকদহ ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস চাকদহ অন্তর্গত মৌজা উত্তর ঘোষপাড়া গ্রামে, জে এল নং ২৩, তৌজি নং ৩৫৫১ এর হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা নদীয়া কালেক্টার বাহাদুর অধিকারে রায়ত দখলি স্বত্বীয় আর এস. ৯২৩ নং এবং ১৫৫ নং খতিয়ান ভুক্ত ও এল আর . ১৬৬২ নং খতিয়ান ভুক্ত আর এস. ৩১৫ নং ও ৩১৪ নং দাগ ও এল আর. ১৪০৮ নং দাগের অন্তর্গত কমবেশী ১৯.৭৫ শতক (উনিশ শতক পঁচাত্তর শতকাংশ) জমি তন্মধ্যে ১/৩ অংশে ৬.৫৮ (ছয় শতক আঠার শতকাংশ) বাঙ্গ/বাড়ী জমি যাহা পজিশান মোতাবেক বাংলামাপে কমবেশী ০৩ (তিন) কাঠা ১৩ (তেরো) ছটাক ২৩ (তেইশ) বর্গফুট বাঙ্গ/বাড়ী জমির উপর বেসমেন্ট সহ প্রস্তাবিত বহুতল বিন্ডিং অন্তর্ভুক্ত ফ্ল্যাট, ইউনিট, গ্যারেজ, কার পার্কিং, দোকান, শোরুম, গোডাউন মায় জমির ইজমেন্ট রাইট স্বত্বাদি রাস্তায় চলাচলের বর্তমানত্ব সহ চাকদহ পৌরসভার ৮ নং ওয়ার্ডের অন্তর্গত ৮১৪ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে যাহা ২০ ফুট প্রশস্ত এন এস রোড নিকটস্থ, রোড জোন হজবরলা মোড় হইতে সিংহের হাট মোড়।

Parbati Paul.

Sourav Paul.

PRISTIAE

Pran-Bollen Sarker

Dated

PRISTIAE
Rajan Sarker- : যাহার চৌহদ্দি : -

উত্তরে : অসিত পাল দিগের বসত বাড়ী।

দক্ষিণে : জয়গোপাল সিংহ রায় দিগের বসত বাড়ী

পূর্বে : অনিল কুমার পালের জমি

পশ্চিমে : অঞ্জনা পাল, তনিমা পাল ও শ্রীতমা পালের জমি।

- : উপরে উল্লিখিত দ্বিতীয় তপশীল : -

(মালিকের নির্ধারিত প্রাপ্য অংশ)

